রেজিষ্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, জুন ১৫, ১৯৯৫

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় রাজস্ব বোর্ড

(মূল্য সংযোজন কর)

প্রজ্ঞাপন

ঢাকা, ১লা আষাঢ়, ১৪০২বাং/ ১৫ই জুন, ১৯৯৫ইং

এস, আর, ও, নং-৯৯ -আইন/৯৫/১১৭-মূসক।- মূল্য সংযোজন কর আইন, ১৯৯১ (১৯৯১ সনের ২২ নং আইন) এর ধারা ৭২ এ প্রদত্ত ক্ষমতাবলে জাতীয় রাজস্ব বোর্ড মূল্য সংযোজন কর বিধিমালা, ১৯৯১ নিম্নরূপে অধিকতর সংশোধন করিল, যথাঃ-

উপরি-উক্ত বিধিমালার-

(১) যেখানেই "কালেক্টর" এবং "কালেক্টরের" শব্দগুলি উল্লিখিত থাকুক না কেন, উহাদের পরিবর্তে যথাক্রমে "কমিশনার" এবং "কমিশনারের" শব্দগুলি প্রতিস্থাপিত হইবে;

(২) বিধি ৩ এর-

(ক) উপ-বিধি (২) ও (৩) এর পরিবর্তে নিম্নরূপ উপ-বিধি (২) ও (৩) প্রতিস্থাপিত হইবে, যথাঃ-



মূল্য : টাকা ২.০০

"(২) উপ-বিধি (১) অনুযায়ী ঘোষিত মূল্যভিত্তির কোন পরিবর্তন সাধনের প্রয়োজন হইলে, উক্ত পরিবর্তন কার্যকর করিবার সাত কার্যদিবস পূর্বে নিবন্ধিত ব্যক্তি ফরম "মূসক-১" এ মূল্যভিত্তির একটি নতুন ঘোষণা বা পূর্বে দাখিলকৃত ঘোষণার সংশোধনী, যাহাই প্রযোজ্য হউক না কেন, বিভাগীয় কর্মকর্তার নিকট দাখিল করিবেন এবং নতুনভাবে বা সংশোধিত ঘোষিত মূল্যভিত্তি অনুযায়ী প্রদেয় কর নিরূপণ ও পরিশোধ করিবেন। বিভাগীয় কর্মকর্তা ঘোষিত মূল্য সম্পর্কিত তথ্যাদি তাৎক্ষণিকভাবে সংশ্লিষ্ট সার্কেল সুপারিনটেনডেন্ট এবং কমিশনারের দপ্তরের কম্পিউটার সেলকে অবহিত করিবেন।

(৩) উপ-বিধি (১) বা (২) অনুযায়ী ঘোষিত মূল্যভিত্তির বিষয়ে পরবর্তী সময়ে বিভাগীয় কর্মকর্তা, সার্কেল সুপারিনটেনডেন্ট, অথবা কমিশনারের নিকট হইতে ক্ষমতাপ্রাপ্ত অন্য কোন মূল্য সংযোজন কর কর্মকর্তা কর্তৃক এতদুদ্দেশ্যে পরিচালিত তদন্তে বা বাজার জরীপে প্রাপ্ত তথ্যের ভিত্তিতে যদি প্রতীয়মান হয় যে-

(ক) পণ্যের ঘোষিত মূল্যভিত্তি আইনের ধারা ৫ এর সহিত অসংগতিপূর্ণ, বা

(খ) একই অধিক্ষেত্র বা অন্য কোন অধিক্ষেত্রের অনুরূপ প্রকৃতি ও গুনগতমানের পণ্যের মূল্যভিত্তির তুলনায় ঘোষিত মূল্যভিত্তি উল্লেখযোগ্য পরিমাণে কম, বা

(গ) ফরম "মূসক-১" এ প্রদর্শিত মূল্য সংযোজনের পরিমাণ উল্লেখযোগ্যভাবে কম, বা

(ঘ) পণ্যের সরবরাহকারী ও সরবরাহ গ্রহীতার মধ্যে বিদ্যমান কোন সম্পর্কের কারণে বা তাহাদের পারস্পারিক বা যে কোন একপক্ষের আর্থিক সুবিধা লাভের উদ্দেশ্যে ঘোষিত মূল্যভিত্তি উল্লেখযোগ্যভাবে কম,

এবং সেই কারণে মূল্য সংযোজন কর বা, ক্ষেত্রমত, মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক কম পরিশোধিত হইয়াছে বা হইতে পারে, তাহা হইলে বিভাগীয় কর্মকর্তা, নিবন্ধিত ব্যক্তিকে যুক্তিসঙ্গত শুনানীর সুযোগ প্রদান করার পর, উক্তরূপে সংগৃহীত বা প্রাপ্ত তথ্যের ভিত্তিতে যুক্তিসংগত মূল্যভিত্তি নির্ধারণ করিতে পারিবেন এবং ঘোষণার তারিখ হইতে উক্ত মূল্য ভিত্তি অনুযায়ী সংশ্লিষ্ট সকল কর-মেয়াদে প্রদেয় কর নিরূপণ ও পরিশোধযোগ্য হইবে।

ব্যাখ্যা।-এই উপবিধির অধীনে বিভাগীয় কর্মকর্তা কর্তৃক মূল্যভিত্তি ও কর নির্ধারণের কারণে, আইন বা এই বিধিমালার অধীনে সংঘটিত কোন অপরাধের দন্ড সম্পর্কিত বিধানের কার্যকরতা ক্ষুন্ন হইবে না।";

(খ) উপ-বিধি (৪) ও (৫) বিলুপ্ত হইবে;

(৩) বিধি ৭ এর পরিবর্তে নিম্নরূপ বিধি ৭ প্রতিস্থাপিত হইবে, যথাঃ-

"৭। যানবাহন পরিদর্শন, তল্লাশি ও আটক।– (১) আইন বা এই বিধিমালার কোন বিধান লংঘন করিয়া কোন যানবাহনে কর আরোপযোগ্য কোন পণ্য বোঝাই বা বহন করা হইতেছে বলিয়া কোন অভিযোগ থাকিলে বা তাহা বিশ্বাস করিবার যুক্তিসঙ্গত কারণ রহিয়াছে বলিয়া বিবেচিত হইলে, কমিশনারের নিকট হইতে এতদুদ্দেশ্যে ক্ষমতাপ্রাপ্ত যে কোন মূল্য সংযোজন কর কর্মকর্তা উক্ত যানবাহনের পথরোধ বা উহাতে প্রবেশ করিয়া উহাতে বোঝাই বা বহনকৃত পণ্য পরিদর্শন ও তল্লাশী করিতে পারিবেন এবং যানবাহনের চালককে বা দখলদারকে, অথবা পণ্য সরবরাহকারী বা পণ্য গ্রহীতা বা তাহাদের প্রতিনিধিকে তাৎক্ষণিকভাবে পণ্য পরিবহণে আবশ্যক চালানপত্র প্রদর্শন করার নির্দেশ প্রদান করিতে পারিবেনঃ

তবে শর্ত থাকে যে, উপর্যুক্ত কারণে যানবাহন পরিদর্শন, তল্লাশী বা আটকের ক্ষমতার্পণের আদেশে কমিশনার সুনির্দিষ্টভাবে এইরূপ কার্যক্রম পরিচালনার এলাকা ও পণ্য বা পণ্য শ্রেণীর এবং ক্ষমতাপ্রাপ্ত কর্মকর্তার নাম ও পদবী উল্লেখ করিবেন। এই উপ-বিধির অধীন কার্যক্রম পরিচালনাকালে ক্ষমতাপ্রাপ্ত সংশ্লিষ্ট কর্মকর্তা তাঁহার পরিচিতি পত্র সংগে বহন করিবেন এবং প্রয়োজনে সংশ্লিষ্ট ব্যক্তিকে তাহা দেখাইবেন।

(২) উপ-বিধি (১) অনুযায়ী পণ্য পরিদর্শন ও তল্লাশীর পর তল্লাশীকৃত যানবাহনে কর অপরিশোধিত অবস্থায় কোন পণ্য পরিবাহিত হয় নাই মর্মে উক্ত কর্মকর্তা সন্তুষ্ট হইলে তিনি সংশ্লিষ্ট চালানপত্রের বিপরীত পৃষ্ঠায় উক্ত যানবাহনের পণ্য তল্লাশীর সময়, তারিখ ও স্থান উল্লেখ পূর্বক তাঁহার স্বাক্ষর ও সীল প্রদান করিবেন।

(৩) উপ-বিধি (১) অনুযায়ী পণ্য পরিদর্শন ও তল্লাশীকালে বৈধ চালানপত্র ব্যতিরেকে বা কর ফাঁকি প্রদানপূর্বক কোন পণ্য পরিবহণ করা হইয়াছে বলিয়া প্রতীয়মান হইলে উক্ত কর্মকর্তা উক্ত পণ্য পরিবহণকারী যানবাহনের চালককে বা দখলদারকে, বা পণ্য সরবরাহকারী বা সরবরাহগ্রহীতা বা তাহাদের প্রতিনিধিকে ফরম "মূসক-৫" এ একটি প্রাপ্তি রশিদ প্রদানপূর্বক যানবাহনসহ উক্ত পণ্য আটক করিবেন।

(৪) উপ-বিধি (২) ও (৩) অনুযায়ী পরিচালিত প্রতিটি পরিদর্শন, তল্লাশী ও আটক সম্পর্কে ক্ষমতাপ্রাপ্ত কর্মকর্তা পরবর্তী চব্বিশ ঘন্টার মধ্যে অথবা উক্ত সময়ের মধ্যে সম্ভব না হইলে বিলম্বের কারণ উল্লেখপূর্বক যথাশীঘ্র সম্ভব একটি লিখিত প্রতিবেদন কমিশনারের নিকট দাখিল করিবেন। উক্ত প্রতিবেদনের ভিত্তিতে পরিদর্শিত বা তল্লাশীকৃত বা আটককৃত পরিবহণের নম্বর, পণ্যের নাম, পরিমাণ ও মূল্য, সরবরাহকারী ও সরবরাহগ্রহীতার নাম ইত্যাদি সম্পর্কিত তথ্যাদি কমিশনারের দপ্তরে একটি রেজিষ্টারে সংরক্ষণ করিতে হইবে।";

(৪) বিধি ১২ এর "অন্যূন চৌদ্দ দিনের মধ্যে" শব্দগুলির পরিবর্তে "অন্যূন চৌদ্দ দিন পূর্বে" শব্দগুলি প্রতিস্থাপিত হইবে;

(৫) বিধি ১৫ এর উপ-বিধি (১) এর দফা (ঘ) এর পরিবর্তে নিম্নরূপ দফা (ঘ) প্রতিস্থাপিত হইবে, যথাঃ–

"(ঘ) আইনের ধারা ১৭ অনুযায়ী স্বেচ্ছায় নিবন্ধিত ব্যক্তির নিবন্ধনের তারিখ হইতে পরবর্তী এক বৎসরে টার্ণওভার পনের লক্ষ টাকার কম হওয়া;";

(৬) বিধি ১৬ এর উপ-বিধি (১) এর "একটি চালানপত্র" শব্দগুলির পূর্বে "অথবা বোর্ড কর্তৃক, সরকারী গেজেটে প্রজ্ঞাপন দ্বারা, এতদুদ্দেশ্যে অনুমোদিত অন্য কোন ফরমে" শব্দগুলি ও কমাগুলি সন্নিবেশিত হইবে;

(৭) বিধি ২২ এর উপ-বিধি (১) এর-

(ক) দফা (ঘ) এর শেষ প্রান্তস্থিত দাঁড়িটির পরিবর্তে সেমিকোলন প্রতিস্থাপিত হইবে এবং তৎপর নিম্নরূপ বাক্যাংশ সংযোজিত হইবে, যথাঃ-

"উল্লিখিত পদ্ধতিতে অর্থ জমা প্রদানের বিপরীতে প্রাপ্ত মূল ট্রেজারী চালান, উহা প্রাপ্তির দিন বা পরবর্তী কার্যদিবসের মধ্যে নিবন্ধিত ব্যক্তি সংশ্লিষ্ট সুপারিনটেনডেন্টের দপ্তরে প্রেরণ করিবেন;";

(খ) দফা (চ) এর শেষ প্রান্তস্থিত দাঁড়িটির পরিবর্তে কোলন প্রতিস্থাপিত হইবে এবং তৎপর নিম্নরূপ শর্তাংশ সংযোজিত হইবে, যথাঃ-

"তবে শর্ত থাকে যে, দফা (ক) হইতে (চ) তে উল্লিখিত পুস্তকাদি ছাড়াও নিবন্ধিত ব্যক্তিকে তাহার উপকরণ, পণ্য প্রস্তুত, মজুদ, সরবরাহ বা সেবা প্রদান সংক্রান্ত আনুসাঙ্গিক সকল বাণিজ্যিক দলিলাদি আইনের ৩৩ ধারায় উল্লিখিত সময়ব্যাপী যথাযথভাবে সংরক্ষণ করিতে হইবে।";

(৮) বিধি ২৩ এর উপ-বিধি (২) এর পর নিম্নরূপ উপ-বিধি (৩) ও (৪) সংযোজিত হইবে, যথাঃ

"(৩) যে ক্ষেত্রে পণ্যের সরবরাহকারী বা সেবা প্রদানকারী কর্তৃক পণ্য সরবরাহ বা সেবা প্রদানের বিপরীতে প্রদত্ত চালানপত্রে মূল্য সংযোজন করের পরিমাণ আলাদাভাবে প্রদর্শিত হইবে সে ক্ষেত্রে ধারা ৫ এর উপ-ধারা (২) বা উপ-ধারা (৪) এ বর্ণিত মূল্য, মূল্য সংযোজন কর নিরূপণের মূল্যভিত্তি হিসাবে পরিগনিত হইবে।

(৪) যে ক্ষেত্রে পণ্যের সরবরাহকারী বা সেবা প্রদানকারী কর্তৃক পণ্য সরবরাহ বা সেবা প্রদানের বিপরীতে প্রদত্ত চালানপত্রে মূল্য সংযোজন করের পরিমাণ আলাদাভাবে প্রদর্শিত হইবে না সে ক্ষেত্রে প্রাপ্য বা প্রাপ্ত মূল্য সংযোজন করের পরিমাণসহ সর্বমোট বিক্রয় মূল্য (Gross sale) কে $\frac{১৫}{১১৫}$ দ্বারা গুণন পূর্বক প্রদেয় মূল্য সংযোজন করের পরিমাণ নিরূপণ করিতে হইবে।";

(৯) বিধি ২৪ এর-

(ক) উপ-বিধি (২) এর দফা (ক), (গ) ও (ঘ) বিলুপ্ত হইবে; এবং

(খ) উপ-বিধি (৩) এর দফা (খ) ও (গ) বিলুপ্ত হইবে;

(১০) ফরম "মূসক-১" এর পরিবর্তে নিম্নরূপ ফরম "মূসক-১" প্রতিস্থাপিত হইবে, যথাঃ-

"গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় রাজস্ব বোর্ড
ঢাকা

মূসক–১

মূল্যভিত্তি ঘোষণাপত্র
[বিধি–৩ দ্রষ্টব্য]

১। নিবন্ধিত ব্যক্তির নাম :

২। ঠিকানা :

৩। নিবন্ধন সংখ্যা :

৪। এলাকা কোড :

৫। টেলিফোন নং :

৬। ফ্যাক্স নং :

| ক্রমিক নং | পণ্যের নাম | সরবরাহ/বিক্রয়ের একক | মূল্য সংযোজন কর আরোপযোগ্য মূল্যভিত্তি | | একক ভিত্তিক সম্পূরক শুল্কের (যদি থাকে) পরিমাণ | প্রতি এককে মূল্য সংযোজন | | শুল্ক ও করসহ বিক্রয় মূল্য | |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | বর্তমান | প্রস্তাবিত | | হার | পরিমাণ | পাইকারী | মুদ্রিত খুচরা মূল্য (যদি থাকে) |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ |
| | | | | | | | | | |

১। আমি এই মর্মে অঙ্গীকার করিতেছি যে, কর ধার্যের জন্য উপর্যুক্ত মূল্যভিত্তি সম্পর্কিত সকল তথ্য সত্য ও সঠিক এবং ইহা নির্ধারণের অনুকূলে সকল দলিলাদি আমার এখতিয়ারে আছে।

২। মূল্য সংযোজন কর বিধিমালা, ১৯৯১ এর বিধি ৩ এ বর্ণিত পরিস্থিতির আলোকে মূল্য সংযোজন কর কর্তৃপক্ষ কর্তৃক পরিচালিত কোন তদন্তে বা জরীপে উপরি–উক্ত ঘোষিত মূল্যভিত্তি অসংগতিপূর্ণ বা কম প্রতীয়মান হওয়ার ক্ষেত্রে উক্ত কর্তৃপক্ষ কর্তৃক নির্ধারিত মূল্য ভিত্তি অনুযায়ী ঘোষণা প্রদানের তারিখ হইতে প্রদেয় কর প্রদানে আমি বাধ্য থাকিব।

তারিখঃ ____________________

নিবন্ধিত ব্যক্তি/ব্যবস্থাপনা কর্তৃপক্ষের
স্বাক্ষর ও সীল "।

জাতীয় রাজস্ব বোর্ডের আদেশক্রমে,

মোঃ জহুরুল হক
প্রথম সচিব (মূসক)

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় রাজস্ব বোর্ড
ঢাকা

(আবগারী)

প্রজ্ঞাপন

ঢাকা, ১লা আষাঢ় ১৪০২ বাং/ ১৫ই জুন, ১৯৯৫ ইং

এস, আর, ও, নং-১০০ -আইন/৯৫/২৮২-আবগারী।- Excises and Salt Act, 1944 (I of 1944) এর Section 37 এ প্রদত্ত ক্ষমতাবলে জাতীয় রাজস্ব বোর্ড Excises and Salt Rules, 1944 নিম্নরূপে অধিকতর সংশোধন করিল, যথাঃ-

উপরি-উক্ত Rules এর যেখানেই "Collector" এবং "Collector's" শব্দগুলি উল্লিখিত থাকুক না কেন, উহাদের পরিবর্তে যথাক্রমে "Commissioner" এবং "Commissioner's" শব্দগুলি প্রতিস্থাপিত হইবে।

জাতীয় রাজস্ব বোর্ডের আদেশক্রমে,

মোঃ জহুরুল হক
প্রথম সচিব (মূসক)

মোঃ মিজানুর রহমান, উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ আব্দুর রশীদ সরকার, উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ ফরমস্ ও প্রকাশনী অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত।